কোটচাঁদপুরে নারীকে কুপিয়ে হত্যা

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার দোড়া ইউনিয়নের লক্ষীপুর গ্রামের একটি মাঠ থেকে তসলিমা খাতুন (৩৬) নামে এক নারীর মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

নিহত তসলিমা খাতুন লক্ষীপুর গ্রামের ইজিবাইক চালক আলম মন্ডলের স্ত্রী। তসলিমা খাতুনকে কুপিয়ে হত্যা করা হয়ৈছে বলে নিশ্চিত করেছেন কোটচাঁদপুর থানার ওসি মঈন উদ্দিন। বুধবার দিবাগত মধ্যরাতে উপজেলার একটি মাঠ থেকে তার মরদেহ উদ্ধার করা হয়।

পারিবারিক সূত্রের বরাত দিয়ে কোটচাঁদপুর থানার ওসি মঈন উদ্দিন জানান, লক্ষীপুর গ্রামের ইজিবাইক চালক আলম মন্ডলের স্ত্রী মোবাইলে কথা বলতে বাড়ির বাইরে যায়। পরে আর বাড়িতে ফিরে আসেনি। খোঁজাখুজির এক পর্যায়ে মধ্যরাতে বাড়ির পাশের মাঠে তার লাশ পড়ে থাকতে দেখে পুলিশে খবর দেয় স্বজনরা। দুর্বৃত্তরা তাকে কুপিয়ে হত্যা করে একটি ঘাষের জমিতে ফেলে রাখে। লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠায়।

নিহতের স্বামী আলম মন্ডল বলেন, বুধবার সন্ধায় তসলিমা বাথরুমে যাওয়ার জন্য বের হয়। এঘটনায় নিহতের বড় ভাই মোস্তফা মন্ডল বাদী হয়ে থানায় অজ্ঞাত আসামী করে একটি হত্যা মামলা দায়ের করেছেন।

মেহেরপুরে বীমা সংক্রান্ত ও নিরাপদ অভিবাসন বিষয়ে সেমিনার

মেহেরপুরে বিদেশগামী কর্মীদের বীমা সংক্রান্ত এবং নিরাপদ অভিবাসন বিষয়ে এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (২ জুন) সকাল ১০ টার সময় মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান

মন্ত্রণালয়ের উদ্যোগে এ সেমিনার অনুষ্ঠিত হয়।

মেহেরপুর অতিরিক্ত জেলা প্রশাসক নাজমুল হুদার সভাপতিত্বে অনুষ্ঠিত এ সেমিনারে প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপসচিব মো: আব্দুস সালাম ও পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট পল্লভ ভট্টচার্য ।

এছাড়া অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, এনএসআই’র উপ-পরিচালক এমদাদুল হক, জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক জাহিদ হাসান, মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন, মেহেরপুর টিটিসির অধ্যক্ষ আরিফ আহমেদ তালুকদার প্রমুখ।

গাংনীতে দূর্বৃত্তের আগুনে পুড়লো কৃষকের সেচ পাম্প

গাংনী উপজেলার চাঁদপুর গ্রামে দূর্বৃত্তের দেওয়া আগুনে পুড়লো কৃষকের মাঠের সেচ পাম্প।

বুধবার (১ জুন) দিবাগত রাতের কোনো এক সময় গাংনী উপজেলার রাইপুর ইউনিয়নের চাঁদপুর গ্রামের মাঠে এ ঘটনা ঘটে।
সেচ পাম্পটি পুড়ে যাওয়ায় কৃষক হাফিজুর রহমান মঙ্গলের এখন দিশেহারা। চলতি মৌসুমে ওই মাঠের কৃষকরা এখন তাদের জমিতে সেচ কাজ নিয়ে শংকিত।

সেচ পাম্পের মালিক হাফিজুর রহমান মঙ্গল জানান, বিএডিসির লাইসেন্স নিয়ে স্থানীয় মাঠে মাঠে ১টি গভীর নলকূপ স্থাপন করা হয়। এই সেচ পাম্পেটি এই মাঠের ভরসা।

রাইপুর ইউনিয়ন পরিষদের সদস্য (মেম্বর) হাসান আলী জানান, সেচ পাম্পে আগুন দেয়ার কারণে চলতি মৌসুমে ওই মাঠের কৃষকদের সেচ কাজ ব্যহত হবে।

এ বিষয়ে গাংনী থানায় একটি ডায়েরি করার প্রস্তুতি চলছে।

অজপাড়া গাঁয়ে জন্মেও আন্তর্জাতিক বিজ্ঞানী

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মাস্যিউটিক্যাল কেমিস্ট্রি বিভাগের সাবেক ডিন, প্রফেসর ড. মো: আব্দুর রশিদ। গাংনীর অজপাড়াগাঁ সাহারবাটি গ্রামে জন্ম। অথচ,এখন তিনি বিশ্বের বিজ্ঞানীদের শীর্ষ তালিকায় মর্যাদাপূর্ণ স্থানে। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ উভয় ক্যাটাগরিতেই শীর্ষ বিজ্ঞানীদের তালিকায় প্রথম স্থান অধিকার করেন। এছাড়া এশিয়া ও বৈশ্বিক ক্যাটাগরিতেও তিনি চতুর্থ ও পঞ্চম স্থান লাভ করেছেন।

সংস্থাটি সারা বিশ্বের ২০৬টি দেশের ১৩,৫৩১টি বিশ্ববিদ্যালয়ের ৭ লক্ষেরও বেশি বিজ্ঞানীর সাইটেশন ও অন্যান্য ইনডেক্সের ভিত্তিতে গত ১০ অক্টোবর ২০২১ ইং বিশ্বব্যাপী এ তালিকাটি প্রকাশ করে।

এই তালিকায় সবচেয়ে মর্যাদার আসনটি প্রথম স্থানে ড. মো: আব্দুর রশিদের নাম ঘোষণা করেন সংস্থাটি।

প্রফেসর ড. মো: আব্দুর রশিদ মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটি গ্রামের কৃষক আলী হোসেনের ছেলে।তিনি গ্রামের প্রাথমিক বিদ্যালয় থেকে প্রাথমিকে পাশ করে গাংনী পাইলট স্কুল এন্ড কলেজ ও ও মেহেরপুর সরকারী কলেজে পড়ালেখার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়ে সেখানেই চাকুরি করেন।

বর্তমানে এই কৃতিমান স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ (এসইউবি)-এর ফার্মাসি বিভাগের উপদেষ্টা।

তথ্য ও ছবি জুলফিকার আলী কানন

মেহেরপুরে পুলিশের অভিযানে ৬ জন গ্রেফতার

মেহেরপুরে অভিযান চালিয়ে বিভিন্ন মামলায় আদালতের পরোয়ানাভূক্ত ৬ আসামীকে গ্রেফতার করেছে সদর থানা পুলিশ।
গ্রেফতারকৃতদের মধ্যে জিআর মামলায় ৪ জন ও সিআর মামলায় আদালতের পরোয়ানাভূক্ত ২ জন রয়েছে।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহ দারা খানের নেতৃত্বে পুলিশের পৃথক টীম বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন। গতকাল বুধবার দিবাগত রাতভর সদর উপজেলার বিভিন্ন স্থানে এ অভিযান চালান হয়।

সদর থানার ওসি শাহ দারা খান জানান, আদালতের পরোয়ানা পেয়ে এসব আসামীদের বাড়িতে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

দর্শনায় ছাদ থেকে পড়ে ৪ সন্তানের জননীর মৃত্যু

দর্শনার দোস্ত গ্রামে ঘরের ছাদ থেকে পড়ে রোকেয়া বেগম (৬২) নামের এক ৪ সন্তানের জননীর মর্মান্তিক মৃত্যু হয়েছে।

গতকাল বুধবার সকালের দিকে নিজ বসত বাড়ির ছাদ থেকে পড়ে আহত হয়। পরে চিকিৎসাধীন অবস্থায় হাসপাতালে তার মৃত্যু হয়। এ মর্মান্তিক ঘটনাটি ঘটেছে চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের দোস্ত গ্রামের ভুইয়া পাড়ায়।

জানাগেছে, চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের দোস্ত গ্রামের ভুইয়া পাড়ার ফজলু ভুইয়ার স্ত্রী রোকেয়া বেগম নিজ বসতবাড়ির ছাদে ধান শুকানোর কাজ করছিলেন। এসময় সকাল সাড়ে ১০ দিকে ধানের নেওর দেওয়ার কাজ করার একপর্যায় অসাবধনতা বসত ছাদের উপর হতে উল্টে নীচে পড়ে যায়। এতে করে রোকেয়া বেগম মারাত্বক ভাবে আহত হয়। এসময় পরিবার ও স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে নেওয়া হয় চুয়াডাঙ্গা সদর হাসপাতালে। সেখানে নেওয়ার পর চিকিৎসাধীনের এক পর্যায় দুপুরের দিকে তার মৃত্যু হয়। গতকাল রাতে রোকেয়া বেগমের নামাজের জানাযা শেষে গ্রামের কবরস্থানে তার দাফনকার্য সম্পন্ন করা হয়েছে।

দর্শনা টু মুজিবনগর সড়কে কালভার্ট নির্মানে নেই কোন সতর্ক চিহ্ন

চুয়াডাঙ্গা জেলার দর্শনা-টু মুজিবনগর সড়কের উন্নয়ন কাজ ইতিমধ্যই চলছে। রাস্তাটির প্রশস্থ ও সংস্কারের আগে বেশ কয়েক জায়গায় কালভার্ট নির্মানের কাজ চলছে।

রাস্তাটির কালভার্ট নির্মানে সড়কের উপর আগে থেকেই কোন সতর্ক চিহ্ন না থাকায় পথচারীরা হঠাৎ করে নির্মানাধীন কালভার্টের কাছে পৌঁছে সড়ক দূর্ঘটনার মুখোমুখি হচ্ছে।

বিশেষ করে অন্য জেলা থেকে আসা মটরসাইকেল আরোহী সহ ট্রাক, মিনিট্রাকসহ এগুলো পড়ছে চরম ভোগান্তিতে।

বড় ধরনের সড়ক দূর্ঘটনা এড়াতে প্রতিটি কালভার্ট নির্মানের স্থানে সতর্কতা চিহ্ন বা সতকর্তা মূলক লেখা দিয়ে দূঘটনা থেকে সাধারন মানুষকে বাঁচাতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আশু হস্তক্ষেপ কামনা করেছে এলাকাবাসী সহ সচেতন মহল।

[redacted]

[redacted]

পরিবারের প্রায় ১০-১৫ জনের নামে মামলা করেন বেদানা। এবিষয় বেদানা বাড়াদি ইউনিয়ন পরিষদ সহ আলমডাঙ্গা থানায় একাধিক লিখিত অভিযোগ করে।

এ ব্যাপারে স্থানীয় মেম্বার হাসিবুল জানান, জমি সংক্রান্ত বিষয়ে ইউনিয়ন পরিষদে লিখিত অভিযোগ করে বেদানা। এ বিষয়ে গ্রাম্য ভাবে মিমাংস করার চেস্টা করা হলেও তা সম্ভব হয়নি।

আলমডাঙ্গা উপজেলা নির্বাহি অফিসার রনি আলম নূর জানান, প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার হিসাবে ভূমিহীন বেদানাকে ২ শতক জমি ও ঘর প্রদান করা হয়েছে। তিনি বলেন, ওই জায়গায় অতিরিক্ত জমি থাকলে ভুক্তভোগী দখল নিতে পারবে না। যদি জোরপূর্বক দখল করে সাধারণ মানুষের ভোগান্তি সৃস্টি করে তার বিষয়ে অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

তথ্য হলো শক্তি, যে জাতির কাছে যত তথ্য আছে সে জাতির পরিকল্পনা তত সুষ্ঠু

আগামী ১৫ থেকে ২১ জুন অনুষ্ঠিতব্য জনশুমারী ও গৃহগণনা ২০২১ প্রকল্প বাস্তবায়নে সকলের সহযোগিতার আহ্বান জানিয়েছেন কুষ্টিয়ার জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম।

প্রকল্প বাস্তবায়ন করতে কুষ্টিয়াতে উপজেলা শুমারি সমন্বয়কারী, জোনাল অফিসার ও আইটি সুপারভাইজারদের চলমান ৪ দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণকারীদের সঙ্গে মত বিনিময় ও আলোচনা সভায় তিনি এ আহ্বান জানান।

বুধবার বিকেল সাড়ে ৪টায় জেলা প্রশাসনের সম্মেলন কেন্দ্রে এ সভার আয়োজন করা হয়।

জেলা প্রশাসক কর্মশালায় অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে বলেন, তথ্য হলো শক্তি, যে জাতির কাছে যতো তথ্য আছে সে জাতির পরিকল্পনা

ততো সুষ্ঠু। আর এই তথ্য সংগ্রহের কাজটা আপনারা বাস্তবায়ন করতে চলেছেন। এসময় তিনি সবার সর্বাঙঙ্গীন ও স্বতঃস্ফূর্তভাবে পেশাগত দায়িত্ব পালনের জন্য আহ্বান জানান।

গত ৩০ মে সোমবার কুষ্টিয়া সদর, কুমারখালী ও খোকসা উপজেলার শুমারি বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্তদের অংশগ্রহণে চারদিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা শুরু হয়। চলবে আগামী ২ জুন পর্যন্ত। কর্মশালায় প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ইন্ডাস্ট্রি ও লেবার উইং শাখার যুগ্ম পরিচালক মো. আব্দুল হালিম ও কুষ্টিয়া জেলা পরিসংখ্যান অফিসের উপ-পরিচালক মো. আব্দুল আলীম।

আলোচনা সভায় আরও উপস্থিত ছিলেন উপজেলা শুমারি সমন্বয়কারী কুষ্টিয়া সদর উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সুখেন কুমার পাল, কুমারখালী উপজেলার পরিংসংখ্যান কর্মকর্তা মো. আলতাফুর রহমান, খোকসা উপজেলার পরিসংখ্যান তদন্তকারী মো. শাজাহান আলী ।

উল্লেখ্য, দেশের প্রথম জনশুমারি হয় ১৯৭৪ সালে। পরিসংখ্যান আইন ২০১৩ অনুযায়ী ‘আদমশুমারি’কে জনশুমারি বলা হয়। বিশ্বের সকল দেশে জনশুমারি এবং গৃহগণনা সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং ব্যাপকভিত্তিক পরিসংখ্যান কার্যক্রম। দশ বছর পর পর জনশুমারি অনুষ্ঠিত হয়। দ্বিতীয়টি হয় ১৯৮১ সালে। ৩য়, ৪র্থ ও ৫ম জনশুমারি যথাক্রমে ১৯৯১, ২০০১ এবং ২০১১ সালে অনুষ্ঠিত হয়। করোনার কারণে ২০২১ সালে দেশে জনশুমারি করা সম্ভব হয়নি। যা এবার ১৫ থেকে ২১ জুন এটি পরিচালিত হবে। এই সময়কে ‘শুমারি সপ্তাহ’ হিসেবে বিবেচনা করা হবে। শুমারি শুরুর আগে ১৪ জুন রাত ১২টাকে ‘শুমারি রেফারেন্স পয়েন্ট বা সময়’ হিসেবে ধরা হয়েছে।

ঝিনাইদহে স্বতন্ত্র মেয়র প্রার্থীর উপর প্রতিপক্ষের

হামলা, ১০ জন গুরতর আহত

ঝিনাইদহে স্বতন্ত্র মেয়র প্রার্থী কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজলসহ অন্তত ১০ জনকে পিটিয়ে ও কুপিয়ে রক্তাক্ত জখম করেছে প্রতিপক্ষ নৌকা প্রতিকের সমর্থকরা। বুধবার সন্ধ্যা সাড়ে ৬ টার দিকে শহরের ধোপাঘাটা ব্রীজের মাথায় এই ঘটনা ঘটে।

হামলা আহতরা হলেন মেয়র স্বতন্ত্র প্রার্থী নারিকেলগাছ প্রতিকের কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল, তার ভাই আবু শাহরিয়ার জাহেদী পিপুল, চাচাতো ভাই তবিবুর রহমান লাবু, কর্মী রুবেলসহ অন্তত ১০ জন। এর মধ্যে কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল, তার ভাই আবু শাহরিয়ার জাহেদী পিপুল, চাচাতো ভাই তবিবুর রহমান লাবুসহ ১০জনকে, ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

এ বিষয়ে স্বতন্ত্র প্রার্থীর ভাই তবিবুর রহমান লাবু জানান, তারা ভুটিয়ারগাতী গ্রাম থেকে গণসংযোগ শেষে কর্মী-সমর্থক নিয়ে শহরে ফিরছিলেন। এ সময় নৌকা প্রতিকের একটি প্রচার মাইক তাদের পিছন থেকে উচ্চস্বরে প্রচারে বিঘ্ন ঘটাতে থাকে। এক পর্যায়ে তারা ধোপাঘাটা নতুন ব্রীজের মাথায় পৌছালে সেখানে আগে থেকে ওৎ পেতে থাকা নৌকা প্রতিকের প্রার্থী আব্দুল খালেকের কর্মী-সমর্থকরা তাদের উপর হামলা চালায়। হামলাকারীরা তাদের উপর ইট-পাটকেল নিক্ষেপ করে এবং লাঠি ও ধারালো অস্ত্র দিয়ে আঘাত করে। এই ঘটনায় প্রার্থী হিজল ও তার ভাই পিপুলের মাথা ফেটে রক্তাত ও জখম হয়। তিনি নিজেও পায়ে গুরতর আঘাত পান।

এ বিষয়ে ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শেখ মোহম্মদ সোহেল রানা ঘটনার সত্যতা স্বীকার করে জানান, শহরে জেলা ম্যাজিষ্ট্রেট এর নেতৃত্বে নির্বাহী ম্যাজিষ্ট্রেটগণ পুলিশ র্যাব অভিযান পরিচালনা করছেন। এই ঘটনায় এপর্যন্ত ১৫ জনকে আটক করা হয়েছে। শহরে থমথমে অবস্থা বিরাজ করছে।